

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩১.০০১.২১.৫৫৪

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০

১১ মে ২০২৩


বিষয়: ঘূর্ণিঝড় “মোখা” সম্পর্কিত নির্দেশনা

সূত্র: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের 'ঝড় সতর্কীকরণ কেন্দ্র' এর ১০.০৫.২০২৩ খ্রি. তারিখের পূর্বাভাস

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন দক্ষিণ আন্দামান সাগর এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘনীভূত হয়ে দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় ৬ টায় (১০ মে ২০২৩) প্রথমে নিম্নচাপ ও পরে গভীর নিম্নচাপে (৮.৫ ডিগ্রী উত্তর অক্ষাংশ এবং ৮৯.১ ডিগ্রী পূর্ব দাঘিমাংশ) পরিণত হয়েছে। এটি আরও ঘনীভূত হয়ে ১১ মে ২০২৩ তারিখ পর্যন্ত উত্তর-উত্তরপশ্চিম দিকে এবং পরবর্তীতে দিক পরিবর্তন করে ক্রমাগত উত্তর উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে মর্মে সূত্রস্থ পূর্বাভাসে বলা হয়েছে। এ প্রেক্ষাপটে খাদ্য অধিদপ্তরের বিভিন্ন চলাচলসূচির আওতায় নৌপথে চলাচলরত খাদ্যশস্যবাহী নৌযানসমূহকে দ্রুত নিরাপদ স্থানে অবস্থানগ্রহণ নিশ্চিত করতে হবে এবং বন্দর/এলএসডি/সিএসডি/সাইলো ঘাটে অবস্থানরত নৌযানসমূহ দ্রুত খালাস সম্পন্ন করতে হবে বা খালাস সম্পূর্ণ না হলে নিরাপদ স্থানে অবস্থান নেওয়ার জন্য নৌযান মালিকগণকে নির্দেশনা প্রদান করতে হবে। এ বিষয়ে নিম্নোক্ত জরুরি নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো:

০১।	ঘূর্ণিঝড় “মোখা” আঘাত হানার পূর্বেই খাদ্য বিভাগের সকল সমুদ্র-নদী বন্দর/এলএসডি/সিএসডি/সাইলো/ ঘাটে আগত খাদ্যশস্যবাহী নৌযানসমূহ নিরাপদ স্থানে অবস্থান নিতে হবে;
০২।	বিভিন্ন এলএসডি/সিএসডি/সাইলো/ ঘাটে আগত খাদ্যশস্যবাহী নৌযানসমূহ দ্রুত খালাস করতে হবে;
০৩।	উপকূলীয় জেলাসমূহের খাদ্য গুদামসমূহে যাতে ঘূর্ণিঝড় “মোখা” এর কারণে সৃষ্ট জলোচ্ছ্বাসের পানি কোনক্রমেই প্রবেশ করতে না পারে সে বিষয়ে পূর্বেই যথোপযুক্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
০৪।	মজুত খাদ্যশস্য সংরক্ষণে পানিরোধক দেওয়াল (Baffle Wall) তৈরি করে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
০৫।	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/ সাইলো অধীক্ষক/ জেলা খাদ্য নিয়ন্ত্রক/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ ব্যবস্থাপক/ এসএলএমও/ ভারপ্রাপ্ত কর্মকর্তা দুর্যোগ পরিস্থিতি সার্বক্ষণিক মনিটরিং করবেন এবং উদ্ভূত পরিস্থিতির আলোকে মজুত খাদ্যশস্য রক্ষার জন্য কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে;
০৬।	পত্র-পত্রিকা, রেডিও এবং টেলিভিশনে প্রচারিত ঘূর্ণিঝড় “মোখা” সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি সম্পর্কে সজাগ থাকতে হবে এবং পরিস্থিতি সার্বক্ষণিক মনিটরিং করে অধিদপ্তরকে অবহিত করতে হবে;
০৭।	ঘূর্ণিঝড় সতর্কতা ঘোষিত বন্দর, উপকূলীয় এলাকা ও জেলায় অবস্থিত খাদ্য বিভাগীয় স্থাপনাসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকতে হবে;
০৮।	স্ব স্ব দপ্তরে কন্ট্রোল রুম গঠনপূর্বক খাদ্য অধিদপ্তরের এমআইএসএলএম বিভাগের কন্ট্রোল রুম (টেলিফোন নম্বর ০২-২২৩৩৮০২১৩) এর সাথে যোগাযোগ রেখে সার্বিক পরিস্থিতি অবহিত করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১১-৫-২০২৩

মোঃ জামাল হোসেন

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০৬৯৬

ফ্যাক্স: +৮৮-০২-৪১০৫০৬৯৪

ইমেইল: dmss@dgfood.gov.bd

প্রাপকঃ


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/
রাজশাহী/চট্টগ্রাম/ঢাকা
- ২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/
রাঙ্গাবাড়িয়া/বগুড়া/খুলনা স্টীল সাইলো/বাগেরহাট
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩১.০০১.২১.৫৫৪/১(১৫)

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০
১১ মে ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা
- ৩) পরিচালক, প্রশাসন/সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৬) অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৭) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৯) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা



১১-৫-২০২৩

মোঃ জামাল হোসেন

পরিচালক